# উল্লাপাড়া উপজেলা পরিষদের সেপ্টেম্বর -২০২৩ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ বীর মুক্তিযোদ্ধা মোঃ শফিকুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

সভার স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, উল্লাপাড়া।

সভার তারিখ ঃ ২১-০৯-২০২৩ খ্রিঃ । সময় ঃ সকাল ০৯.৩০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট " ক " তে এবং উপজেলার সকল বিভাগীয় কর্মকর্তাদের উপস্থিতি তালিকা পরিশিষ্ট " খ" তে সংযুক্ত।

সভাপতি সভায় উপস্থিত উপজেলা পরিষদের মাসিক সভার সম্মানিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া মহোদয়কে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানান।

বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি

| গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রশাসনিকভাবে অনুমোদিত প্রকল্পসমূহের প্রাক্কলনে প্রয়োজনীয় সংশোধন করে দ্রুততম সময়ের মধ্যে কাজ শুরু করার জন্য উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়াকে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া | প্রাক্কলন প্রস্তুতের কাজ চলমান আছে। দ্রুততম সময়ের মধ্যে প্রকল্পের কাজ শুরু করা হবে। |
| উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনের (পশ্চিম পাশের রাস্তা ও আবাসিক ভবন টগর সংলগ্ন) নীচতলার চারটি কলাম মেরামত ও পশ্চিমপাশের প্লাস্টার এবং গেজেটেড ডরমেটরির পেরাফেস ও নীচতলার কলাম মেরামতের জন্য প্রাক্কলন প্রস্তুতপূর্বক প্রকল্প গ্রহণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া | প্রাক্কলন প্রস্তুতপূর্বক প্রকল্প গ্রহণের বিষয়ে কোন তথ্য পাওয়া যায়নি |
| উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন মেরামতের জন্য পিআইসি গঠনের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া | প্রাক্কলন প্রস্তুতপূর্বক প্রকল্প গ্রহণের বিষয়ে কোন তথ্য পাওয়া যায়নি |
| গার্লস ফ্যাসিলিটিজ কক্ষ নির্মানের জন্য মনোনীত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের মধ্যে যেসকল শিক্ষা প্রতিষ্ঠানে অদ্যাবধি কাজ শুরু করা হয়নি সেসকল শিক্ষা প্রতিষ্ঠানে কাজ শুরু না করার বিষয়ে কারণ দর্শানোর সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া | সেসকল শিক্ষা প্রতিষ্ঠানে গার্লস ফ্যাসিলিটিজ কক্ষ নির্মানের কাজ শুরু করা হয়নি তাদের কারণ দর্শানোর কোন তথ্য পাওয়া যায়নি। |
| রোপা আমনে প্রযুক্তি ব্যবহারের ক্ষেত্রে সারিতে রোপন, লোগো, পার্টিং ও সুষম সারের ব্যবহার নিশ্চিত করার জন্য মাঠ পর্যায়ে তদারকি চলমান রাখতে হবে | উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়া | সুষম সারের ব্যবহার নিশ্চিত করার জন্য মাঠ পর্যায়ে তদারকি চলমান রাখা হয়েছে। |
| উপজেলার প্রাথমিক বিদ্যালয়গুলোতে ওয়াশব্লক নির্মাণ কাজ নিবিড় তদারকি নিশ্চিত করতে হবে। বাখুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় সরেজমিনে পরিদর্শন করে সীমানা প্রাচীর স্থানান্তর করে রাস্তা সৃষ্টির বিষয়ে প্রয়োজীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া | বাখুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় সরেজমিনে পরিদর্শন করে সীমানা প্রাচীর স্থানান্তর করে রাস্তা সৃষ্টির বিষয়ে কোন তথ্য পাওয়া যায়নি |
| উপজেলা প্রাণি সম্পদ দপ্তরের মাধ্যমে গবাদি প্রাণি বিতরণের ক্ষেত্রে স্বচ্ছতা বজায় রাখতে হবে।<br>গবাদি প্রাণির শতভাগ ভ্যাকসিন নিশ্চিত করতে হবে। এলএসডি রোগ প্রতিরোধে ভ্যাকসিনেশন কার্যক্রম জোরদার করার লক্ষ্যে উপজেলা পরিষদ হতে আর্থিক বরাদ্দ প্রদানের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উল্লাপাড়া<br>উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া | গবাদি প্রাণির এলএসডি রোগ প্রতিরোধে ভ্যাকসিনেশন কার্যক্রম জোরদার করার লক্ষ্যে উপজেলা পরিষদ হতে আর্থিক বরাদ্দ প্রদানের জন্য প্রকল্প গ্রহণের কাজ চলমান আছে। |
| মৎস্য সম্পদ রক্ষায় অভিযান জোরদার করতে হবে। মা-মাছ, পোনা-মাছ ক্রয়-বিক্রয় বন্ধে তথ্য দিয়ে উপজেলা মৎস্য বিভাগকে সার্বিক সহযোগিতা প্রদান করতে হবে। চায়না দুয়ারী জাল ক্রয়-বিক্রয় ও মজুদকারীদের বিষয়ে গোপনে তথ্য সংগ্রহ করতে হবে এবং অভিযান জোরদার করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, উল্লাপাড়া | মৎস্য সম্পদ রক্ষায় অভিযান পরিচালনা অব্যাহত আছে। |
| ঋণ বিতরণে আশ্রয়ণ প্রকল্পের সুবিধাভোগীদের অগ্রাধিকার দিতে হবে। সেই সাথে ঋণ বিতরণ, ঋণ আদায় কাজে স্বচ্ছতা বজায় রেখে কাজ করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলা সমবায় কর্মকর্তা, উল্লাপাড়া | বর্ণিত দপ্তরসমূহের মধ্যে কোন দপ্তর হতে আশ্রয়ণ প্রকল্পের সুবিধাভোগীদের নিয়ে কত টাকা ঋণ প্রদান করা হয়েছে। কতজনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কতটি সমিতি গঠিত হয়েছে তার তথ্য পাওয়া যায়নি। |

| | | |
|---|---|---|
| শ্রীকোলা মোড় হতে ধামাইকান্দি পর্যন্ত রাস্তায় কর্তণকৃত গাছের ইউনিয়ন পরিষদের অংশ হিসেবে পুর্নিমাগাতী ইউনিয়ন ও উল্লাপাড়া সদর ইউনিয়নের অংশ নীতিমালা অনুযায়ী দ্রুততম সময়ের মধ্যে পরিশোধ করতে হবে। এছাড়া উক্ত গাছ বিক্রির অর্থ হতেই নতুন গাছ লাগানোর বিধান যথাযথভাবে অনুসরণপূর্বক দ্রুততম সময়ের মধ্যে বর্ণিত রাস্তায় নতুন গাছ রোপনের কাজ সম্পন্ন করতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, উল্লাপাড়া | উপজেলা শ্রীকোলা হতে ধামাইকান্দি পর্যন্ত রাস্তায় নতুন গাছ লাগানোর কোন তৎপরতা পরিলক্ষিত হয়নি। |
| ডেঙ্গু প্রতিরোধে সচেতনতামূলক কার্যক্রম জোরদার করতে হবে। হাসপাতালের আশেপাশের এলাকায় পরিষ্কার পরিছন্নতা নিশ্চিত করতে হবে। ডেঙ্গু প্রতিরোধে মাঠ পর্যায়ের কর্মচারীর প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উল্লাপাড়া | ডেঙ্গু প্রতিরোধে সচেতনতামূলক কার্যক্রম অব্যাহত আছে। |
| উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তরের অধীনে পরিচালিত যেসকল স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সীমানা প্রাচীর নাই সেসকল কেন্দ্রে সীমানা প্রাচীর নির্মাণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র যোগাযোগ নিশ্চিত করতে হবে। এছাড়া যেসকল কেন্দ্রের জায়গা অবৈধভাবে দখল করা হয়েছে সেসকল কেন্দ্রের জায়গা দ্রুত দখলমুক্ত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উল্লাপাড়া | উপজেলার যে সকল স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সীমানা প্রাচীর নাই সেসকল কেন্দ্রে সীমানা প্রাচীর নির্মাণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র যোগাযোগের কোন তথ্য পাওয়া যায়নি |
| বীর মুক্তিযোদ্ধাগণের জন্য নির্মিত বাসগৃহ বীরনিবাস এর নির্মাণ কাজের গুনগত মান নিশ্চিত করাসহ নিবিড় তদারকি করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উল্লাপাড়া | বীর মুক্তিযোদ্ধাগণের জন্য নির্মিত বাসগৃহ বীরনিবাস এর নির্মাণ কাজের গুনগত মান নিশ্চিত করতে নিবিড় তদারকি পরিলক্ষিত হচ্ছে না। |
| সকল ভাতাভোগীদের শতভাগ জন্ম নিবন্ধন দ্রুততম সময়ের মধ্যে নিশ্চিত করতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া | সকল ভাতাভোগীদের শতভাগ জন্ম নিবন্ধন সম্পন্ন হয়নি। |
| উপজেলা ওয়েব পোর্টালে নতুন তথ্য/অফিস যুক্ত করা এবং ওয়েব পোর্টাল হালনাগাদ করতে সংশ্লিষ্ট দপ্তরকে সার্বিক সহযোগিতা প্রদান করতে হবে। যেসকল সরকারি দপ্তরের তথ্য উপজেলা ওয়েব পোর্টালে যুক্ত নাই সেসকল দপ্তরের তথ্য জরুরী ভিত্তিতে উপজেলা ওয়েব পোর্টালে যুক্ত হতে হবে। | সহকারী প্রোগ্রামার, উল্লাপাড়া<br>সংশ্লিষ্ট দপ্তর প্রধান, উল্লাপাড়া | উপজেলার সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ নাই। কোন কোন দপ্তরের লিংক ওয়েব পোর্টালে অদ্যাবধি যুক্ত হয়নি। |
| বরাদ্দপ্রাপ্ত অগভীর নলকূপ স্থাপনের ক্ষেত্রে প্রাক্কলন অনুযায়ী যথাযথ গভীরতায় স্থাপন নিশ্চিত করতে হবে এবং গোড়া পাকাকরণের কাজ দ্রুততম সময়ের মধ্যে নিষ্পন্ন করতে হবে | উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য উল্লাপাড়া | অগভীর নলকূপ স্থাপনের ক্ষেত্রে প্রাক্কলন অনুযায়ী যথাযথ গভীরতায় স্থাপন হচ্ছে না এবং গোড়া পাকাকরণের কাজ দ্রুততম সময়ের মধ্যে নিষ্পন্ন হচ্ছে না মর্মে অভিযোগ রয়েছে। |
| লক্ষ্যমাত্রা অনুযায়ী এলএলপি স্থাপনের কাজ দ্রুততম সময়ের মধ্যে শুরু করতে হবে। নতুন সেচ লাইসেন্স প্রদানের ক্ষেত্রে দায়িত্বশীলতার সাথে তদন্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে। | সহকারী প্রকৌশলী, বিএডিসি, উল্লাপাড়া | পূর্বের অনুমোদিত কাজগুলো অদ্যাবধি শুরু করা হয়নি। |
| রামকৃষ্ণপুর ইউনিয়ন পরিষদের মাসিক সাধারণ সভায় সিদ্ধান্ত গ্রহণ পূর্বক বিএডিসি'র পুরাতন ঝুকিপূর্ণ পাম্প হাউজটি ভেঙ্গে অপসারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ঝুকিপূর্ণ পাম্প হাউজের পরিত্যাক্ত মালামাল (রড, ইট) বিক্রয়লব্দ অর্থ রামকৃষ্ণপুর ইউনিয়ন পরিষদের রাজস্ব তহবিলে জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। | চেয়ারম্যান, রামকৃষ্ণপুর ইউপি, উল্লাপাড়া | ঝুকিপূর্ণ পাম্প হাউজটি ভেঙ্গে অপসারণ করা হয়েছে এবং পরিত্যাক্ত মালামাল বিক্রয়লব্ধ অর্থ রামকৃষ্ণপুর ইউনিয়ন পরিষদের রাজস্ব তহবিলে জমা প্রদান করা হয়েছে। |
| হাওড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়টি সরেজমিনে পরিদর্শন করে পুরাতন ভবনটি অপসারণ ও নতুন ভবন নির্মানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া | পুরাতন ভবনটি অপসারণ ও নতুন ভবন নির্মানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে |
| গ্রামীণ রাস্তা মেরামত খাতের জন্য ক্ষতিগ্রস্থ রাস্তার তালিকা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের নিকট থেকে সংগ্রহের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া | গ্রামীণ রাস্তা মেরামত খাতের জন্য ক্ষতিগ্রস্থ রাস্তার তালিকা সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণের নিকট থেকে সংগ্রহের নির্দেশনা প্রদান করা হয়েছে |
| উপজেলা সকল দপ্তরের উপকারভোগীদের মাঝে সরকারের উন্নয়নমূলক ও পুনর্বাসনমূলক কাজের বিষয়ে অরাজনৈতিকভাবে তুলে ধরতে হবে। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাগণ, উল্লাপাড়া | কার্যক্রম অব্যাহত আছে। |
| উপজেলা পরিষদের রাজস্ব উন্নয়ন তহবিলের আওতায় উপজেলা সকল ইউনিয়নে মশা নিধক স্প্রে নিশ্চিত করতে ফগার মেশিন ক্রয় প্রকল্প গ্রহণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া | মশা নিধক স্প্রে নিশ্চিত করতে ফগার মেশিন ক্রয় প্রকল্প গ্রহণের কোন তথ্য পাওয়া যায়নি। |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | গত সভার কার্যবিবরণী অনুমোদন | আগষ্ট/২০২৩ মাসের কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অদ্যকার সভায় তা অনুমোদন করা হলো। | সংশ্লিষ্ট সকল বিভাগ ও কমিটি |
| ০২ | গত সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | আগষ্ট/২০২৩ মাসের মাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নাধীন আছে। | সংশ্লিষ্ট সকল বিভাগ ও কমিটি |
| ০৩ | **যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক কমিটি ঃ** | | |
| | এডিপি এবং উপজেলা রাজস্ব উন্নয়ন তহবিলের প্রকল্প তালিকা প্রেরণের জন্য প্রতিটি দপ্তর এবং ইউনিয়ন পরিষদে পত্র প্রেরণ করা হয়েছে। দ্রুততম সময়ের মধ্যে প্রকল্প তালিকা উপজেলা প্রকৌশলীর দপ্তর, উল্লাপাড়ায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। এডিপি'র প্রথম কিস্তি ২৬.৯২ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। | দ্রুততম সময়ের মধ্যে প্রকল্প তালিকা প্রেরণ নিশ্চিত করতে হবে। প্রকল্পের গুরুত্ব বিবেচনায় ক্রম অনুসারে প্রকল্প তালিকা প্রস্তুতপূর্বক প্রেরণ করতে হবে।<br>প্রকল্প তালিকা পাওয়া গেছে দ্রুত টেন্ডার আহব্বানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, উল্লাপাড়া ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া<br><br>উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| | ২। উপজেলার প্রাথমিক বিদ্যালয়সমূহের ভবন ও বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ চলমান আছে। বারইয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় ভবনের জায়গা সংক্রান্ত জটিলতার কারনে ভবন নির্মানের কাজ শুরু করা সম্ভব হচ্ছে না। এছাড়াও বাউন্ডারী ওয়াল নির্মানে জায়গা নির্ধারণে জটিলতা দেখা দিচ্ছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ২। বারইয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় সরেজমিনে পরিদর্শন করে জায়গা সংক্রান্ত জটিলতা নিরসনে স্থানীয় বাসিন্দারের সাথে আলোচনাক্রমে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া |
| | ৩। অতি বর্ষণের কারনে বেশ কিছু সড়কের পেভমেন্ট ক্ষতিগ্রস্থ হয়েছে যা আরইআরএমপি মহিলাদের দ্বারা মেরামত করা সম্ভব হচ্ছে না। বিধায় উপজেলা পরিষদের অর্থায়নে মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। বেশ কিছু সড়কে পেভমেন্ট এবং এইচবিবি কাজ করা প্রয়োজন। | ৩। অতি বর্ষণের কারণে ক্ষতিগ্রস্থ সড়কের প্রয়োজনীয় মেরামত কাজ সম্পন্ন করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| | ৪। চলতি বছর জিওবি মেইনটেইন খাতে ০৭টি রাস্তা মেরামতের কাজ প্রক্রিয়াধীন আছে। এছাড়া বারইয়া ব্রীজের এ্যাপ্রোজ রাস্তার কাজ চলমান আছে। | ৪। জিওবি মেইনটেইন খাতে চলমান রাস্তা মেরামত কাজ নিবিড় তদারকি নিশ্চিত করতে হবে। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| | ৫। উপজেলা শিল্পকলা একাডেমীর জন্য কোন নিদিষ্ট কক্ষ না থাকায় অব্যবহৃত/জড়াজীর্ণ উপজেলা বিআরডিবি হলরুমটি মেরামত করে সেখানে উপজেলা শিল্পকলা একাডেমীর কার্যক্রম পরিচালনার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। অব্যবহৃত/জড়াজীর্ণ উপজেলা বিআরডিবি হলরুম মেরামতের জন্য এডিবি/রাজস্ব উদ্বৃত্ত হতে ২.০০ লক্ষ টাকার একটি পিআইসি গঠনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৫। বিস্তারিত আলোচনান্তে অব্যবহৃত/জড়াজীর্ণ উপজেলা বিআরডিবি হলরুম টি উপজেলা শিল্পকলা একাডেমী হিসেবে ব্যবহারের লক্ষ্যে মেরামতের জন্য এডিবি/রাজস্ব উদ্বৃত্ত হতে ২.০০ লক্ষ টাকার একটি পিআইসি গঠনের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ০৪ | **জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক কমিটি ঃ**<br>সভায় উপস্থিত উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান বর্তমানে উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের স্বাস্থ্যসম্মত স্যানিটেশনের জন্য ওয়াশব্লক নির্মান কাজ চলমান রয়েছে। | প্রাথমিক বিদ্যালয়সমূহে ওয়াশব্লক নির্মাণ কাজ নিবিড় তদারকি নিশ্চিত করতে হবে। | উপ সহকারী প্রকৌশলী, উল্লাপাড়া |
| ০৫ | **স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক কমিটি ঃ**<br>**পরিবার পরিকল্পনা বিভাগ ঃ**<br>প্রতিবেদনাধীন মাসে খাবার বড়ি বিতরণ নতুন ৩৯২ জন, কনডম নতুন ১৩২ জন, ইনজেকশন ২৯৩ জন, আইইউডি ৫১ জন, ইমপ্লান্ট ৩৮ জন, পুরুষ বন্ধ্যাকরণ ০৪জন, মহিলা বন্ধ্যাকরণ ১৫ জন। উপজেলায় মোট সক্ষম দম্পত্তি ১২৫৮৪৯ জনের মধ্যে মোট ১০৩০৩১ জন পদ্ধতি গ্রহণকারী। বর্তমানে উপজেলার ১৪টি ইউনিয়নের মোট ১১টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র এবং একটি মা ও শিশুকল্যাণ কেন্দ্র, একটি এমসি এইচ ইউনিট চলমান ও সেবাদানের আওতায় আছে। হাটিকুমরুল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সেবাদান ভবন হাইওয়ে প্রসস্থকরণ কাজের জন্য ভাঙ্গা হয়েছে বর্তমানে সীমানা প্রাচীর না থাকায় উক্ত কেন্দ্রের জায়গা বেদখল | উদ্বুদ্ধমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। শতভাগ জন্ম নিবন্ধন নিশ্চিত করতে গর্ভবতী মায়ের তথ্য প্রেরণ নিশ্চিত করতে হবে।<br><br>ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মানের জন্য জমি সংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/অধিদপ্তরের কি নির্দেশনা রয়েছে তা আগামী সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উল্লাপাড়া |

| | | | |
|---|---|---|---|
| | বর্তমানে সীমানা প্রাচীর না থাকায় উক্ত কেন্দ্রের জায়গা বেদখল হওয়াসহ নানাবিধ সমস্যার সৃষ্টি হচ্ছে। এছাড়া দুর্গানগর, পঞ্চক্রোশী ও কয়ড়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের নতুন ভবন নির্মানের জন্য মন্ত্রণালয়ের অনুমোদন পাওয়া গেছে। তন্মোধ্যে কয়ড়া ইউনিয়ন স্বাস্থ্য ও পঃ কঃ কেন্দ্র নির্মানের জন্য জায়গা প্রয়োজন। | | |
| | **স্বাস্থ্য বিভাগ ঃ**<br>উপজেলার মোট ৬৬টি কমিউনিটি ক্লিনিক চালু আছে। ০২ টি নির্মাণাধীন আছে। সিএসবিএ (মাঠ) সেবা খাতে ১৬ জনের প্রশিক্ষণ আছে । এ এনসি ১-১২৯, এ এনসি২-১১৫, এ এনসি৩-৮৭, এ এনসি৪-৮৩। হাসপাতালে ই ও সি সেবা খাতে প্রতিবেদনাধীন মাসে এনভিডি ৪৭ জন, সিজার ০৫ জন। স্বাভাবিক প্রসব ৪৭ জন। এআরআই রোগী সেবা ৫৩ জন। ডায়রিয়া রোগী সেবা ১৫৩ জন। যক্ষ্মা ও কুষ্ঠ সেবা খাতে যক্ষ্মা পরীক্ষা ৯৬৩ জন, কেস ৭৮জন, লেপ্রসি ৫, কেস শুন্য। জন্ম ৮৯৫ জন, মৃত্যু ১৬১ জন। চিকিৎসা প্রাপ্ত রোগী বহিঃ ৬৩৩৯ জন, অন্তঃ ৫৪০ জন, জরুরী ১১৪৬ জন। ইপিআই সেবা ৯৫%, বেড অকুপেন্সি রেট ৯০%। ভায়া ও সিবিই পরীক্ষা ভায়া ১৬৫ (+২) সিবিই ১৬৫ (+)। | ডেঙ্গু প্রতিরোধে সাধারণ মানুষের মধ্যে ব্যাপক গণসচেতনতা সৃষ্টির জন্য স্বাস্থ্য বিভাগের মাঠ পর্যায়ের কর্মচারীদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উল্লাপাড়া |
| | বর্তমানে ডেঙ্গুর প্রাদুর্ভাব বৃদ্ধি পেয়েছে। ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি করতে হবে। বাড়ীর আনাচে কানাচে, ছাদে, টবে জমে থাকা পানি দ্রুত পরিষ্কার করতে হবে। বর্তমানে হাসপাতালে বৈকালিক স্বাস্থ্য সেবা চলমান আছে বিকাল ০৩.০০ টা হতে সন্ধ্যা ০৬.০০ টা পর্যন্ত। শ্রীকোলা মোড় হতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স (পুর্নিমাগাতী) পর্যন্ত রাস্তাটি প্রসস্থ করা প্রয়োজন। এছাড়া শ্রীকোলা মোড়ে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, উল্লাপাড়া এর নির্দেশক বোর্ড স্থাপনের জন্য স্থান নির্বাচন করে দেওয়ার জন্য অদ্যকার সভায় অনুরোধ জানান। | বৈকালিক স্বাস্থ্য সেবা প্রদানের বিষয়ে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>সরেজমিনে পরিদর্শনপূর্বক শ্রীকোলা মোড়ে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, উল্লাপাড়া এর নির্দেশক বোর্ড স্থাপনের জন্য স্থান নির্বাচন করে দেওয়ার জন্য উপ বিভাগীয় প্রকৌশলী, সওজ, উল্লাপাড়াকে দায়িত্ব প্রদান করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উল্লাপাড়া<br>উপ বিভাগীয় প্রকৌশলী, সওজ, উল্লাপাড়া |
| ০৬ | **মহিলা ও শিশু বিষয়ক কমিটি ঃ**<br>মা ও শিশু সহায়তা কর্মসূচি: মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় প্রতিটি ইউনিয়নে প্রতিমাসের ২০ তারিখের মধ্যে ০৬ (ছয়) জন করে ভাতাভোগী নীতিমালা অনুযায়ী অনলাইন করে উপজেলায় প্রেরণ করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। ভাতাভোগীদের অবশ্যই অনলাইন জন্ম নিবন্ধন থাকতে হবে। | ভাতাভোগীদের শতভাগ জন্মনিবন্ধন নিশ্চিত করতে তৎপরতা বৃদ্ধি করতে হবে | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া |
| | ২। ভিডাব্লিউবি কর্মসূচি : ভিডাব্লিউবি কর্মসূচির খাদ্য বিতরণের জন্য ধার্য্য তারিখের মধ্যেই খাদ্য বিতরণ নিশ্চিত করতে হবে। যদি কোন কারনে তারিখ পরিবর্তন করা হয় তবে চিঠির মাধ্যমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে জানানোর জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | নির্ধারিত তারিখের মধ্যে খাদ্য বিতরণ নিশ্চিত করতে হবে। খাদ্য বিতরণের সময় তদারকি কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া |
| ০৭ | **তথ্য ও সংস্কৃতি বিষয়ক কমিটি ঃ**<br>কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম ভালভাবে চলছে। কোন সমস্যা নাই। | কিশোর-কিশোরী ক্লাবের সদস্যদের মাধ্যমে বাল্য বিবাহ বিরোধী সচেতনতামূলক কার্যক্রম বৃদ্ধি করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ০৮ | **সমাজ সেবা বিষয়ক কমিটি ঃ**<br>বর্তমানে উপজেলা সমাজ সেবা দপ্তরের ভাতাভোগীদের লাইভ ভ্যারিফিকেশনের সময় শেষ হয়েছে। এখনও অনেক ভাতাভোগী লাইভ ভেরিফিকেশনে অংশগ্রহণ করেন নাই। ফলে তাদের ভাতার টাকা প্রদান বন্ধ রাখা হয়েছে। নভেম্বর, ২০২৩ মাসের মধ্যে ভাতাভোগীরা উপজেলা সমাজ সেবা অফিসে উপস্থিত না হলে তাদেরকে নিরুদ্দেশ ঘোষণা করে তদস্থলে নতুন ভাতাভোগীর নাম প্রতিস্থাপন করতে অধিদপ্তর থেকে পত্র প্রেরণ করা হয়েছে।<br>বিধবা ও স্বামী পরিত্যাক্তা ভাতার জন্য স্বামীর অনলাইন মৃত্যু সনদ বা স্বামীর তালাকনামা সংযুক্ত করতে হবে। | ভাতাভোগীদের মধ্যে যারা এখনও লাইভ ভ্যারিফিকেশনে অংশগ্রহণ করেন নাই তাদের দ্রুততম সময়ের মধ্যে উপজেলা সমাজ সেবা অফিসে উপস্থিত হয়ে লাইভ ভেরিফিকেশন সম্পন্ন করতে হবে। বিষয়টি বহুল প্রচার নিশ্চিত করতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, উল্লাপাড়া<br>ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া |
| ০৯ | **মুক্তিযোদ্ধা বিষয়ক কমিটি ঃ**<br>মুক্তিযোদ্ধা ভাতা বিতরণ কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | মুক্তিযোদ্ধা ভাতা বিতরণ সংক্রান্ত যে কোন সমস্যা দ্রুততম সময়ের মধ্যে সমাধান নিশ্চিত করতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, উল্লাপাড়া |

| | | | |
|---|---|---|---|
| ১০ | **আইন-শৃঙ্খলা বিষয়ক কমিটি ঃ**<br>গত ০৯-০৯-২০২৩ খ্রি. তারিখে ১৭ জনের অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণ গ্রহণ চলমান রয়েছে। ২৩-০৯-২৩ তারিখ হতে ০১জনের মোটর ড্রাইভিং প্রশিক্ষণ শুরু হবে। ২৬-০৯-২৩ তারিখ ০২ জন পুরুষ আনসার সদস্য বেসিক কম্পিউটার প্রশিক্ষণ শুরু হবে এছাড়া ২৫-০৯-২৩ তারিখ ০১ জনের ফ্রিজ এয়ার কন্ডিশন প্রশিক্ষণ শুরু হবে। | ভাতাভোগী আনসার সদস্যদের তৎপরতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা। |
| ১১ | **উপজেলা পরিষদের আয়-ব্যয়ের উপর আলোচনা ঃ**<br>উপজেলা পরিষদের আয়-ব্যয়ের উপর আলোচনা করা হয়। আলোচ্য সেপ্টেম্বর/২০২৩ মাসে সম্ভাব্য মোট ৩,০০,০০০/- টাকা রাজস্ব খাতে আয় হবে এবং ব্যয় হবে আপ্যায়ন, আনুষাংগিক বিল ভাতা খাতে ৩৫০০০/- টাকা। সেপ্টেম্বর, ২০২৩ মাসের বিদ্যুৎ বিল বাবদ ৫০৬৬৬/- টাকা । মালী উপজেলা পরিষদ এর সেপ্টেম্বর, ২০২৩ মাসের ২৯ দিনের পারিশ্রমিক বাবদ ১৫৯৫০/- টাকা এবং সুইপার মোঃ আরিফ আলীর সেপ্টেম্বর, ২০২৩ মাসের ২৯ দিনের পারিশ্রমিক বাবদ ১৪৫০০/- টাকা পরিশোধ করা প্রয়োজন। জাতীয় স্থানীয় সরকার দিবস উপলক্ষ্যে তিনদিন ব্যাপী উন্নয়ন মেলার ব্যয় নির্বাহ বাবদ ২৫০০০/- টাকার ভাউচার পাওয়া গেছে। এছাড়া আবাসিক ভবন মল্লিকা ৫/৩ এর টুকিটাকি মেরামত বাবদ ২৩৮০০/- টাকার ভাউচার পাওয়া গেছে। উপজেলা শিল্পকলা একাডেমী কক্ষের লাইট ক্রয় বাবদ ২৪৬০০/- টাকার এবং ভ্যান ক্রয় বাবদ ২৪৪০০/- ভাউচার পাওয়া গেছে । এছাড়া উপজেলা শিল্পকলা একাডেমী কক্ষের আসবাব (চেয়ার ) ক্রয় বাবদ ২৪৮০০/- টাকার ভাউচার পাওয়া গেছে। অফিসার্স ডরমেটরির টুকিটাকি মেরামত বাবদ ২৪২০০/- টাকার ভাউচার পাওয়া গেছে। উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের কার্যালয়ের কাঠের চেয়ার মেরামত বাবদ ২৩৮০০/- টাকার ভাউচার পাওয়া গেছে। উপজেলা শিল্পকলা একাডেমী হিসেবে ব্যবহৃত ভবনের ছাদ মেরামত বাবদ ২৪৯০০/- টাকার ভাউচার পাওয়া গেছে। উক্ত ব্যয় যথাযথ হওয়ায় তা পরিশোধ করা প্রয়োজন। | আলোচ্য জুলাই, ২০২৩ মাসের ব্যয় যথাযথ হওয়ায় তা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। | হিসাব সহকারী, ইউএনও অফিস |
| ১২ | **উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়া**<br>রোপা আমনের চূড়ান্ত অগ্রগতি সম্পন্ন হয়েছে। চলতি মৌসুমে রোপা আমনের লক্ষ্যমাত্রা ১১০৪০ হেক্টর ছিল যা ১১৫০৫ তে উন্নীত হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে রবি মৌসুমে কৃষি প্রনোদনা কর্মসূচির আওতায় অত্র উপজেলায় মোট ১৩৬৯০ জন/বিঘা প্রণোদনা কর্মসূচির বরাদ্দ পাওয়া গেছে। যার মধ্যে গম ৪৫০ বিঘা, ভুট্টা-১২০ বিঘা, সরিষা-১২৯৫০ বিঘা, সূর্যমূখী-২০ বিঘা, চিনা বাদাম-১০ বিঘা, শীতকালিন পেয়াজ ৪০ বিঘা, মুগ-৮০ বিঘা, মসুর-১০ বিঘা, খেসারী-১০ বিঘা মোট ০৯ ধরনের ফসলের ১৩৬৯০ জন/বিঘা বিনামূল্যে বীজ ও সার সহায়তা পাবে। কৃষি পুনর্বাসন কর্মসূচির নীতিমালা যথাযথভাবে অনুসরণপূর্বক অগ্রাধিকার তালিকা উপসহকারী কৃষি কর্মকর্তা কর্তৃক প্রস্তুত করে উপজেলা কৃষি পুনর্বাসন কমিটি কর্তৃক অনুমোদন করার পর প্রকৃত কৃষকদের মাঝে বিতরণ করা হবে। | কৃষি প্রণোদনা বিতরণের ক্ষেত্রে এতদসংক্রান্ত নীতিমালা যথাযথভাবে অনুসরণ পূর্বক প্রকৃত কৃষকদের মাঝে প্রণোদনা বিতরণ নিশ্চিত করতে হবে।<br>পতিত জমি আবাদীকরণের লক্ষ্যে উল্লাপাড়া উপজেলার কালিগঞ্জ, এনায়েতপুর, পংরৌহা আশ্রয়ণ প্রকল্পে পারিবারিক পুষ্টি স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়া<br>উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৩ | **উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উল্লাপাড়া**<br>উপজেলা প্রাণি সম্পদ দপ্তর কর্তৃক চলতি মাসে গবাদি পশুর চিকিৎসা প্রদান ২৪৬৩ টি, গবাদি পশুর টিকা প্রদান ৬০০০ টি, হাঁস মুরগীর চিকিৎসা প্রদান ৪৬৩৮ টি, হাঁস মুরগীর টিকা প্রদান ৬৬০০০, কৃত্রিম প্রজনন ১৫৬৫ টি, গবাদি প্রাণির এলএসডি রোগ প্রতিরোধে খামারীদের চিকিৎসা সেবা ও অন্যান্য পরামর্শ প্রদান করা হয়েছে। গবাদি প্রাণির এলএসডি রোগ নিয়ন্ত্রনে টিকা প্রদান জরুরী। টিকা ক্রয়ের জন্য উপজেলা পরিষদ হতে আর্থিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানান।<br>ভোক্তাদের নিকট নিরাপদ মাংস সরবরাহের লক্ষ্যে নিয়মিত কসাইখানা পরিদর্শন করা হচ্ছে। পিপিআর রোগ নিয়ন্ত্রণের লক্ষ্যে উপজেলায় শতভাগ দাওলি ভেড়ার টিকা প্রদান কার্যক্রম গ্রহণ করা হয়েছে। | গবাদি প্রাণির এলএসডি রোগ প্রতিরোধে টিকা ক্রয়ের জন্য উপজেলা পরিষদ রাজস্ব উন্নয়ন তহবিল হতে ২.০০ লক্ষ টাকার একটি পিআইসি গঠনের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উল্লাপাড়া<br>উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |

| | | | |
|---|---|---|---|
| ১৪ | **সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, উল্লাপাড়া**<br><br>তিনি বলেন গত ১৩-০৮-২০২৩ খ্রি. তারিখে ২০২৩-২০২৪ অর্থ বছরের উন্মুক্ত জলাশয়ের পোনা মাছ অবমুক্তকরণ করা হয়েছে। এ বছর ০৭টি জলাশয়ে মোট ৪৭২ কেজি পোনামাছ অবমুক্ত করা হয়েছে। চলতি মাসে শ্রীকোলা বাজারে মোবাইল কোর্ট পরিচালনা করে ৮০ কেজি রুই জাতীয় মাছের পোনা জব্দ করা হয় এবং ০৫জন বিক্রেতাকে ২৫০০ টাকা অর্থ দন্ড করা হয়। এছাড়া উধুনিয়া ও মোহনপুর ইউনিয়নে অবৈধ জালের বিরুদ্ধে চলতি মাসে দুটি অভিযান পরিচালনা কালে ২০০পিচ চায়না দুয়ারী জাল উদ্ধার ও জব্দ করা হয় এবং পরে তা বিনষ্ট করা হয়। মৎস্য সম্পদ রক্ষায় মৎস্য আইন বাস্তবায়নে উপস্থিত সকলকে সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধ জানান হয়। | মৎস্য সম্পদ রক্ষায় অবৈধ কারেন্ট/চায়না দুয়ারী চালের ব্যবহার বন্ধে অভিযান জোরদার করতে হবে। মৎস্য সম্পদ ধ্বংসকারী/অবৈধ জাল ব্যবহারকারীদের বিষয়ে তথ্য দিয়ে সহযোগিতা প্রদান নিশ্চিত করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, উল্লাপাড়া<br><br>ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া |
| ১৫ | **উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া**<br><br>উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া জানান উপজেলাধীন বারইয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন ভবন নির্মানে তালিকাভুক্ত হয়েছে। নতুন ভবন নির্মান করতে জমি সংক্রান্ত সমস্যা দেখা দিয়েছে। মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতের স্বার্থে জমি সংক্রান্ত সমস্যা নিরসন করে নতুন ভবন নির্মানের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া প্রয়োজন।<br><br>রহিমপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সীমানা প্রাচীর নির্মান কাজ চলমান আছে। রহিমপুর-বিনায়েকপুরবাসী তাদের চলাচলের রাস্তা না থাকায় স্কুলের জায়গা থেকে পূর্ব-দক্ষিণ পাশ দিয়ে রাস্তা করার দাবী জানিয়েছেন । গত ২০-০৯-২০২৩ খ্রি. তারিখে সরেজমিনে পরিদর্শন করে দেখা যায় স্কুলের পূর্ব পাশের জমি থেকে আনুমানিক ৬/৭ ফুট জায়গা নিয়ে স্কুলের কতগুলো গাছ সীমানা প্রাচীরের বাইরে রেখে পূর্ব পাশ বরাবর সীমানা প্রাচীর নির্মান কাজ সম্পন্ন করেছেন। | বারইয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন নির্মানে জমি সংক্রান্ত সমস্যা নিরসনে স্থানীয় বাসিন্দারে নিয়ে সরেজমিনে পরিদর্শন করে সমস্যা সমাধানের উপায় প্রস্তাব আকারে আগামী সভায় উপস্থাপন করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়াকে দায়িত্ব প্রদান করা হলো<br>সরেজমিনে পরিদর্শন করে উদ্বুদ্ধ সমস্যা সমাধানের উপায় প্রস্তাব আকারে সভায় উপস্থাপন করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়াকে দায়িত্ব প্রদান করা হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া<br><br>উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৬ | **উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া**<br><br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া জানান, ক্রমপুঞ্জিত যুব ঋণ বিতরণ ৫০২৮০০০০/- টাকা। প্রতিবেদনাধীন মাসে যুব ঋণ বিতরণ ১১,৪০,০০০/-। চলতি অর্থ বছরে যুব ঋণ বিতরণ ১১,৪০,০০০/-। আদায়যোগ্য ঋণের পরিমান ২১৩৮৭০/- টাকা। যুব প্রশিক্ষণ পুরুষ ৩৪১৯ জন, মহিলা ২২০৯। আত্নকর্মী- পুরুষ ২৮২০ জন, মহিলা ৯১৬ জন। ৬০ জন বেকার যুব ও যুব মহিলাকে স্থানীয় চাহিদার ভিত্তিতে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ (গাভী পালন বিষয়ে) প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২১ জন প্রশিক্ষিত যুব ও যুব মহিলাকে ১১,৪০,০০০/- টাকা যুব ঋণ বিতরণ করা হয়েছে ও ১৩ জন যুব ও যুব মহিলাকে আত্নকর্মী করা হয়েছে। | আশ্রয়ণ প্রকল্পের সুবিধাভোগীদের আত্নকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে সময়পোযোগী প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৭ | **উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া**<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসের আওতায় ০৭টি প্রকল্পের কাজ করা হয়। ঋনের কার্যক্রম বিগত মাসে বিতরনের পারিমান ১৩,৮৪,০০০/- টাকা এবং চলতি অর্থ বছরে ঋণ বিতরনের পরিমান ৬৬,৮২,০০০/- টাকা। চলতি মাসে ঋণ আদায় হয়েছে ১৪,৫২,০০০/- টাকা এবং চলতি অর্থ বছরে ঋণ আদায় ৫৯,,৫৫,০০০/- টাকা। ২০২৩-২০২৪ সালে পিআরডিপি-৩ প্রকল্পটি অনুমোদনের অপেক্ষায় আছে। বর্তমানে প্রকল্পটির কার্যক্রম স্থগিত আছে। বিআরডিবি ঋণ কার্যক্রমে আদায় প্রায় ৯৯.৮০%। | ঋণ প্রদানে আশ্রয়ণ প্রকল্পের সুবিধাভোগীদের অগ্রাধিকার প্রদান করতে হবে এবং ঋণ আদায়ের তৎপরতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৮ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উল্লাপাড়া**<br>২০২৩-২০২৪ অর্থ বছরে প্রাপ্ত টিআর এবং কাবিখা বরাদ্দ মোতাবেক তালিকা ইউপি চেয়ারম্যানগণ প্রেরণ করেছেন। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ মহোদয়ের বরাবর প্রাপ্ত তালিকা অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। অনুমোদিত তালিকা মোতাবেক বিভিন্ন ইউনিয়নে কাজ শুরু করা হবে। | জেলা প্রশাসক, সিরাজগঞ্জ মহোদয়ের অনুমোদনের পর দ্রুততম সময়ের মধ্যে কাজ শুরু করতে হবে। কাজের গুণগত মান নিশ্চিত করে চুড়ান্ত বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উল্লাপাড়া |

| | | | |
|---|---|---|---|
| ১৯ | **আইসিটি অধিদপ্তর, উল্লাপাড়া, সিরাজগঞ্জ**<br>হার পাওয়ার প্রকল্প : প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন এর আওতায় উল্লাপাড়া উপজেলার ১৮৫ জন নারীকে (১৮-৪০ বছর) ০৯টি কোর্সে ০৬ মাসব্যাপী ফ্রিল্যান্সিং বিষয়ক প্রশিক্ষণ প্রদানের জন্য অনলাইনে আবেদন আহবান করা হয়েছে। আবেদন দাখিলের শেষ তারিখ ২৭-০৯-২০২৩ খ্রি. ।<br>ইউনিয়ন ওয়েব পোর্টালগুলো যথাযথভাবে হালনাগাদ নাই। এ বিষয়ে স্থানীয় সরকার বিভাগের পত্র পাওয়া গেছে। মোহনপুর ইউনিয়ন এ বিষয়ে কার্যক্রম গ্রহণ করেছে অন্যান্য ইউনিয়নগুলোকে তাগিদপত্র দেয়া হবে।<br>ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের আওতায় নতুনভাবে ২৭টি শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপনের উপযুক্ততা ও দ্বৈততা পরিহার সংক্রান্ত যাচাই কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। এছাড়া উপজেলার দপ্তর ভিত্তিক ওয়েব পোর্টাল হালনাগাদের কাজ চলমান আছে। | দ্রুততম সময়ের মধ্যে ইউনিয়ন ওয়েব পোর্টালগুলো শতভাগ হালনাগাদ নিশ্চিত করতে হবে।<br><br>শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ডিজিটাল ল্যাব স্থাপনের কাজ নিবিড়ভাবে তদারকি নিশ্চিত করতে হবে | সহকারী প্রোগ্রামার, উল্লাপাড়া<br>ইউপি সচিব, সংশ্লিষ্ট ইউপি<br>সহকারী প্রোগ্রামার, উল্লাপাড়া |
| ২০ | **সহকারী প্রকৌশলী (ক্ষুদ্র সেচ) বিএডিসি, উল্লাপাড়া**<br><br>২০২৩-২০২৪ অর্থ বছরে বিএডিসি'র আওতায় পাবনা-নাটোর-সিরাজগঞ্জ জেলায় ভূ-উপরিস্থ পানির মাধ্যমে সেচ উন্নয়ন প্রকল্প চলমান আছে। প্রকল্পের আওতায় উল্লাপাড়া উপজেলায় নিম্নরূপ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।<br>ক) ৫ কিউসেক বিদ্যুৎ চালিত এলএলপি স্থাপন - ২০টি<br>খ) ২ কিউসেক বিদ্যুৎ চালিত এলএলপি স্থাপন - ১০টি<br>গ) ১.৫ কিউসেক সোলার এলএলপি স্থাপন - ২০টি<br>এছাড়া উল্লাপাড়া উপজেলায় ১৮১টি সেচযন্ত্র চালু আছে। বিদ্যুৎ চালিত সেচযন্ত্রের কিছু কিছু ট্রান্সফরমার হঠাৎ করে পুরে যায় । ট্রান্সফর্মার মেরামত কাজ করার একমাত্র অনুমোদিত প্রতিষ্ঠান পল্লী বিদ্যুৎ সমিতি। ট্রান্সফর্মার মেরামত কাজে বিলম্ব হওয়ায় রামকৃষ্ণপুর এবং সলঙ্গা ইউনিয়নের ০২টি গভীর নলকূপ স্কিমে ২০০ বিঘা জমি পতিত ছিল। ট্রান্সফর্মার মেরামত সেবা দ্রুততম সময়ের মধ্যে প্রদানের জন্য জিএম, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ কে অনুরোধ জানান।<br>সহকারী প্রকৌশলী (বিএডিসি ) উল্লাপাড়া জোন দপ্তরটি ওয়েব পোর্টালে সংযুক্ত না থাকায় উক্ত দপ্তরকে উপজেলা ওয়েব পোর্টালে সংযুক্ত করার অনুরোধ জানান। | ট্রান্সফর্মার মেরামত সেবা দ্রুততম সময়ের মধ্যে প্রদান নিশ্চিত করতে হবে।<br><br>দপ্তরের সকল তথ্যাদিসহ সহকারী প্রোগ্রামার, উল্লাপাড়া এর দপ্তরে যোগাযোগ করতে হবে। | জিএম, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১<br><br>সহকারী প্রকৌশলী, বিএডিসি, উল্লাপাড়া |
| ২১ | **উপজেলা বন কর্মকর্তা, উল্লাপাড়া**<br>উপজেলার শ্রীকোলা হতে ধামাইকান্দি পর্যন্ত রাস্তায় কর্তনকৃত গাছে একটি লট অবিক্রিত অবস্থায় রয়েছে। উক্ত অবিক্রিত লট বিক্রয় হলে নীতিমালা অনুযায়ী সংশ্লিষ্ট পুর্নিমাগাতী ইউনিয়ন পরিষদ ও উল্লাপাড়া সদর ইউনিয়ন পরিষদের ইউপি অংশের টাকা পরিশোধ করা হবে। এছাড়া নীতিমালা অনুযায়ী উক্ত গাছ বিক্রির অর্থ হতেই নতুন গাছ লাগানোর ব্যবস্থা গ্রহণ করা হবে। দ্রুততম সময়ের মধ্যে বর্ণিত রাস্তায় নতুন গাছ লাগানোর কাজ সম্পন্ন করা হবে। | দ্রুততম সময়ের মধ্যে বর্ণিত রাস্তায় কর্তনকৃত গাছের মূল্য হতে নীতিমালা অনুযায়ী সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের অংশ পরিশোধ এবং নতুন গাছ লাগানোর কাজ সম্পন্ন করা হবে। | উপজেলা বন কর্মকতা, উল্লাপাড়া |
| | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)**<br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর ষষ্ঠ পর্যায় ২০২১-২০২২ অর্থ বছরের বরাদ্দে অবকাঠামো উন্নয়ন উপ প্রকল্প " উল্লাপাড়া মার্চেন্টস পাইলট সরকারি উচ্চ বিদ্যালয় এন্ড টেকনিক্যাল কলেজ এর ছাত্রীদের কমনরুম কাম লাইব্রেরী " নির্মান কাজ অসম্পন্ন থাকবে। উপজেলা পরিষদের অন্যান্য উৎস হতে অর্থ বরাদ্দ প্রদান করা হলে কাজটি সম্পন্ন করা সম্ভব হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপ প্রকল্পের অবশিষ্ট নির্মানকাজ উপজেলা পরিষদের ২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপি/রাজস্ব উদ্বৃত্ত খাত হতে সম্পন্ন করার বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া<br>উপজেলা উন্নয়ন সহায়ক (ইউডিএফ) |
| ২২ | **চেয়ারম্যান, উধুনিয়া ইউপি**<br>তিনি বলেন তার ইউনিয়নের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের রাস্তাটি দ্রুত মেরামত করা প্রয়োজন। কিন্তু উক্ত পরিবার কল্যাণ কেন্দ্রের রাস্তাটি ব্যক্তি মালিকানাধীন হওয়ায় উন্নয়ন কাজ করা সম্ভব হচ্ছে না। | উধুনিয়া স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের রাস্তাটি দ্রুত মেরামত করার জন্য যে ব্যক্তির জাগয়া তার সাথে পারস্পারিক আলোচনার মাধ্যমে দ্রুত রাস্তা মেরামতের উদ্যোগ গ্রহণ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উল্লাপাড়া<br>চেয়ারম্যান, উধুনিয়া |

| | | | |
|---|---|---|---|
| | | করতে হবে। | ইউপি |
| ২৩ | **চেয়ারম্যান, সলঙ্গা ইউপি**<br>তিনি বলেন বাঙ্গালা-সলঙ্গা ইউনিয়নের মধ্য দিয়ে যে খালটি প্রবাহিত হয়েছে তার কিছু অংশ খনন করা হয়েছে বাকী অংশ খনন করা হয়নি। জরুরী ভিত্তিতে বাকী অংশ খননের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সরেজমিনে পরিদর্শন করে বর্ণিত খাল খননের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে | সহকারী প্রকৌশলী, বিএডিসি, উল্লাপাড়া |
| ২৪ | **চেয়ারম্যান, বড়হর ইউপি**<br>তিনি বলেন তার ইউনিয়নের বোয়ালিয়া বিলে পানি নিষ্কাসনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া বোয়ালিয়া হাটের জায়গা ক্রয়ের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে বোয়ালিয়া হাট বাজার ইজারার ১৫% অর্থ দ্বারা বোয়ালিয়া হাটের জন্য জায়গা ক্রয়ের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রয়ের জন্য জমি নির্বাচন করতে ইউপি চেয়ারম্যান, বড়হর ইউপিকে দায়িত্ব প্রদান করা হলো। | চেয়ারম্যান, বড়হর ইউপি, উল্লাপাড়া |
| ২৫ | **চেয়ারম্যান, রামকৃষ্ণপুর ইউপি**<br>তিনি তার ইউনিয়নে উনুখা বিশ্বরোডের উত্তরপার্শ্বে জলাবদ্ধতা নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সহকারী প্রকৌলশী, বিএডিসি, উল্লাপাড়াকে অনুরোধ জানান। | উনুখা বিশ্বরোডের উত্তরপার্শ্বে জলাবদ্ধতা নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। | সহকারী প্রকৌশলী, বিএডিসি, উল্লাপাড়া |
| ২৬ | **চেয়ারম্যান, উল্লাপাড়া সদর ইউপি**<br>তিনি বলেন তার ইউনিয়নের বাখুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীর কিছুটা স্থানান্তর করা হলে এলাকাবাসীর চলাচলের জন্য রাস্তা পাওয়া যাবে। এছাড়া তার ইউনিয়নে বাল্য বিবাহ প্রতিরোধে স্থায়ীভাবে কাজী নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | সরেজমিনে তদন্ত পূর্বক বাখুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীর কিছুটা স্থানান্তর করে রাস্তা নির্মাণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া |
| ২৭ | **চেয়ারম্যান, মোহনপুর ইউপি**<br>তিনি বলেন তার ইউনিয়নের সাতবিলা রাস্তাটি ইউনিয়নের একটি অতি গুরুত্বপূর্ণ রাস্তা। বর্তমানে রাস্তাটি চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। কিছু রাবিস ফেলা হলে রাস্তাটি চলাচলের উপযোগী হবে। বিষয়টি দেখার জন্য উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়াকে অনুরোধ জানান। এছাড়া তার ইউনিয়নের কোনাবাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে একটি নতুন ভবন প্রয়োজন। বিদ্যালয়টি একটি ভোটকেন্দ্র। | মোহনপুর ইউনিয়নের সাতবিলা রাস্তাটি মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ২৮ | **চেয়ারম্যান, বাঙ্গালা ইউপি**<br>তিনি বলেন বিএডিসি (ক্ষুদ্র সেচ) দপ্তরের অধীনে অনুমোদিত প্রকল্পগুলোর কাজ অদ্যাবধি শুরু হয়নি। জলাবদ্ধতা নিরসন না হওয়ায় কৃষি জমি অনাবাদি অবস্থায় রয়েছে। জরুরী ভিত্তিতে তার ইউনিয়নে জলাবদ্ধতা নিরসনে গৃহীত প্রকল্পগুলোর কাজ শুরু করার জন্য সহকারী প্রকৌশলী, বিএডিসি, উল্লাপাড়াকে অনুরোধ জানান। | সেচ প্রকল্প ও জলাবদ্ধতা নিরসনে গৃহীত প্রকল্প দ্রুততম সময়ের মধ্যে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী প্রকৌশলী, বিএডিসি, উল্লাপাড়া |
| ২৯ | **চেয়ারম্যান, দূর্গানগর ইউপি**<br>তিনি বলেন তার ইউনিয়নে ভাটবেরা ও চরভাটবেরা গ্রামে খাল খননের ব্যবস্থা গ্রহণ করা হলে পতিত জমি আবাদযোগ্য হবে। চরভাটবেরা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবনের প্রয়োজন। বিদ্যালয়টি একটি ভোটকেন্দ্র। | সরেজমিনে পরিদর্শন করে ভাটবেরা ও চরভাটবেরা গ্রামে খাল খননের উদ্যোগ গ্রহণ করতে হবে। | সহকারী প্রকৌশলী, বিএডিসি, উল্লাপাড়া |
| ৩০ | **ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া**<br>তিনি বলেন বারইয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নামে যে ১৬ শতক জমি আছে তা উধুনিয়াতে অবস্থিত। এছাড়া বারইয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জায়গাটি ফোরকানিয়া মাদ্রাসার নামে রেজিস্ট্রিকৃত। নতুন ভবন নির্মানের ক্ষেত্রে জায়গা-জমি সংক্রান্ত সমস্যা নিরসনে স্থানীয় বাসিন্দারের সাথে আলোচনাক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়াকে অনুরোধ জানান।<br>মগড়া চড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষককের বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ উঠেছে। সরেজমিনে তদন্তপূর্বক উত্থাপিত অভিযোগের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।<br>মোহনপুর ও বড়হর ইউনিয়নে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণ করা হয়েছে। কিন্তু অদ্যাবধি উদ্বোধন করা হয়নি। নতুন কেন্দ্র | বারইয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন নির্মানের ক্ষেত্রে জায়গা জমি সংক্রান্ত সমস্যা নিরসনে স্থানীয় বাসিন্দারের সাথে আলোচনাক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>মগড়া চড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>জরুরী ভিত্তিতে মোহনপুর ও বড়হর স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র উদ্বোধন ও কার্যক্রম শুরু | উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, |

| | | | |
|---|---|---|---|
| | বৃদ্ধির জন্য যাবতীয় কার্যক্রম বিনা মূলে সম্পন্ন করে দেওয়ার জন্য জিএম, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ কে অনুরোধ জানানো হয়।<br>৩। বারইয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন ভবন নির্মাণ সংক্রান্ত জটিলতা নিরসনে ও জায়গা সংক্রান্ত সমস্যা সমাধানে উপজেলা শিক্ষা কর্মকর্তাকে প্রধান করে একটি টিম গঠন করে সরেজমিনে পরিদর্শন করে ও স্থানীয় বাসিন্দাদের সাথে আলোচনাক্রমে সমাধানের ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেন। | ৩। বিস্তারিত আলোচনান্তে উপজেলা শিক্ষা কর্মকর্তাকে প্রধান করে একটি টিম গঠন করে সরেজমিনে পরিদর্শন করে ও স্থানীয় বাসিন্দাদের সাথে আলোচনাক্রমে সমাধানের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো | উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(বীর মুক্তিযোদ্ধা মোঃ শফিকুল ইসলাম)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

স্মারক নম্বর : ০৫.৪৩.৮৮৯৪.০০৫.০৬.০০২.২৩- ৯২০ তারিখ : ২১-০৯-২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৫ সিরাজগঞ্জ ৪, উল্লাপাড়া।
২। সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৬। মেয়র, উল্লাপাড়া পৌরসভা।
৭। উপজেলা ----------------------------------------------------------------কর্মকর্তা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৮। চেয়ারম্যান, ------------------------------------------------------------------------------ উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৯। অফিস কপি।

(মোঃ উজ্জল হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
উল্লাপাড়া, সিরাজগঞ্জ